তারিখ 16 JUL 1990
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক খবর

31

# অধ্যাপক নকল লিখে দেবার সময় ধরা পড়লেন

চাঁদপুর, ১৫ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– আজ মতলব কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত এইচএসসি ইংরেজী প্রথম পত্র পরীক্ষায় কেন্দ্রে বসে নিজ হাতে নকল লিখে পরীক্ষার্থীর কাছে সরবরাহকালে কর্তব্যরত পরিদর্শক মতলব কলেজের অধ্যাপক হরিকৃষ্ণ তরফদারকে হাতেনাতে গ্রেফতার করা হয়।

ইউএনও নূরুল আনোয়ার জানান, প্রথম দিন থেকেই তার আচরণ সন্দেহজনক মনে হলে তার প্রতি সতর্ক নজর রাখা হয়। আজ দোতলায় ২নং কক্ষে তাকে চ্যালেঞ্জ করা হলে ৪টি ছোট কাগজে কার্বনসহ স্ট্যাপলার পিন আটকানো ১২নং প্রশ্নোত্তর পাওয়া যায়। পরে তার দেহে তল্লাশী চালিয়ে আরো ১০/১২ কপি প্রশ্নোত্তর পাওয়া যায়।

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## অধ্যাপক নকল

প্রথম পৃষ্ঠার পর

প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অনীল কুমার চক্রবর্তীর কাছে তিনি তার অপরাধ স্বীকার করে বলেন, তিনি চুক্তিবদ্ধ পরীক্ষার্থীদের জন্যে নকল সরবরাহ করে থাকেন।

দাউদকান্দির সংবাদদাতা জানান, দাউদকান্দি উপজেলার সাহানপুর শহীদ নজরুল সরকারী কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৮৩ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়।